

৫০ ডিগ্রী

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

**৭ শিক্ষার্থীর মুক্তি ও মামলা
প্রত্যাহার চায় ছাত্রনেতারা**

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদপত্র

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্র এবং পুলিশের মধ্যে সংঘর্ষের ঘটনায় যোফতারকৃত ৭ শিক্ষার্থীর মুক্তি দাবি, মামলা প্রত্যাহার এবং শিক্ষার্থীদের যৌক্তিক দাবির প্রতি সমর্থন জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনগুলো। বুধবার ছাত্রলীগ এবং ছাত্রদল ডিনির সঙ্গে সাক্ষাৎ করে এ দাবি জানায়।

ছাত্র ইউনিয়ন এবং সমাজতান্ত্রিক ছাত্রশিবির পৃথকভাবে কর্মী সমাবেশ করে যোফতারকৃতের মুক্তি দাবি, অহতদের চিকিৎসা খরচ এবং শিক্ষার্থীদের যৌক্তিক দাবি মেনে নেয়ার জন্য কর্তৃপক্ষের প্রতি আবেদন জানায়।

জানা যায়, বুধবার সকালে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ এবং ছাত্রদলের সিনিয়র নেতৃবৃন্দ তিনি প্রফেসর ড. নিরাজুল ইসলাম খানের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় নেতৃবৃন্দ গত সোমবারের ঘটনায় যোফতারকৃত ছাত্রদের মুক্তি এবং মামলা প্রত্যাহারের দাবি জানায়। পাশাপাশি তারা শিক্ষার্থীদের যৌক্তিক দাবির প্রতি সমর্থন জানায়। তারা ডিসিকে অবিলম্বে শিক্ষার্থীদের জন্য গাড়ি-কেনার অনুরোধ করেন। বেদখলকৃত ছাত্রাবাসগুলো

উদ্ধারের ব্যাপারে তাদের পূর্ণ সহযোগিতার কথা বলেন। এ সময় বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি কামরুল হান্নান রিপন, সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদ, ছাত্রদলের সাধারণ সম্পাদক আনিসুর

**৪ ছাত্রের
জামিন**

আদালত বার্তা পরিবেশক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে তাহতর মামলায় যোফতারকৃত ৪ ছাত্রকে জামিন দেয়া হয়েছে। বুধবার ঢাকা সিএমএস আদালতের মাজিস্ট্রেট মো. রফিকুল ইসলাম এ জামিন দিয়েছেন। জামিনপ্রাপ্ত ছাত্ররা হলো- শ্রীকান্ত নিয়োগী, আল মামুন, গোলাম ইয়াছিন ও নিয়াজ ফকরুল ইসলাম।

গত সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা দাবি-নাওয়া নিয়ে মিছিল করার সময় পুলিশের সঙ্গে ছাত্রদের সংঘর্ষ হয়। এতে অর্ধশতাধিক ছাত্র আহত হয়। পুলিশ এ ঘটনায় জড়িত থাকার অভিযোগ ৫০০ ছাত্রের বিরুদ্ধে মামলা করে এবং ঘটনাস্থল থেকে ৭ জনকে যোফতার করে মামলা করেছে।

রহমান খোকনসহ ডিনির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ছাত্রলীগের সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদ উপস্থিত সাংবাদিকদের জানান, আমরা যোফতারকৃত ছাত্রদের মুক্তির ব্যাপারে ডিনিকে অনুরোধ করেছি। তিনি শিগগিরই এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করবেন বলে জানিয়েছেন। তাছাড়া তিনি দু'এক সপ্তাহের মধ্যেই শিক্ষার্থীদের জন্য গাড়ি কিনবেন বলে জানিয়েছেন।

অন্যান্য একইদিন বেলা ১২টার সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রটেবিলে বিজ্ঞপ্তি সেমিনার কক্ষে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন এক কর্মী সমাবেশের আয়োজন করে। কর্মী সমাবেশ থেকে শিক্ষার্থীদের দাবি, প্রতি সমর্থন জানিয়ে বলা হয়, অবিলম্বে যোফতারকৃত শিক্ষার্থীদের মুক্তি দিতে হবে। এ সময় তারা বেনবল হওয়া ফসগুলো উদ্ধারের জন্যও দাবি জানায়। তারা শিক্ষার্থীদের ওপর পুলিশ হামলার নিষেধ জানিয়ে দায়ী পুলিশের বিচার দাবি করেন। কর্মী সমাবেশে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি সামসুল আলম সঙ্কন, সাধারণ সম্পাদক খান আসাদুল্লাহমান মাসুমসহ জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।